

নিহত শিক্ষিকা ও কলেজ ছাত্রের পরিবারকে প্রধানমন্ত্রীর সাহায্য

প্রধানমন্ত্রী বেগম বালেদা জিয়া বলেছেন, আওয়ামী-লীগ আমলে শিক্ষা প্রতিষ্ঠানে সংঘটিত সহিংসতা তৎপরতা ও হত্যাकाণ্ডের মতো ঘটনার পুনরাবৃত্তি ঘাটে না ঘটে সেজন্য তার সরকার কার্যকর পদক্ষেপ গ্রহণ করেছে।

২০০০ সালের ২রা মার্চ সাতক্ষীরার কুমারৌড়া সরকারি কলেজের নিহত এক পরীক্ষার্থিনী, একজন শিক্ষিকা এবং দুই কলেজ ছাত্রের পরিবারবর্গ রোহংগার প্রধানমন্ত্রীর সঙ্গে তার কার্যালয়ে সাক্ষাৎ করলে তিনি একথা বলেন। প্রধানমন্ত্রী নিহতদের প্রত্যেকের পরিবারকে ১ লাখ করে টাকার চেক প্রদান করেন। এছাড়াও তিনি নিহতদের পরিবারের সদস্যদের যোগ্যতা অনুযায়ী চাকরি প্রদানেরও আশ্বাস